# বিদ্যালয়ের নিয়মাবলী....

| | |
|---|---|
| ০১ | ক্লাস শুরু হবার ১৫ মিনিট পূর্বে ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ে উপস্থিত থাকতে হবে। |
| ০২ | দৈনিক  সমাবেশ ক্লাশে যোগ দেওয়া বাধ্যতামূলক। |
| ০৩ | প্রত্যেক ছাত্র-ছাত্রীকে বিদ্যালয় এর নির্দিষ্ট পোশাক (ইউনিফর্ম) পড়ে আসতে হবে। |
| ০৪ | পোষাক পরিচ্ছদ পরিপাটি রাখা। |
| ০৫ | শ্রেণী কক্ষে বসার সিস্টেম শ্রেণী শিক্ষক নিদ্ধারণ করবেন। প্রত্যেক শিক্ষার্থীকে এই নির্দেশ মানতে হবে। |
| ০৬ | বিদ্যালয় চলাকালীন সময়ে অকারণে শ্রেণী কক্ষের বাইরে শিক্ষার্থীদের দেখা গেলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ০৭ | বিনা অনুমতিতে বিদ্যালয় অনুপস্থিত থাকিলে নির্ধারিত জরিমানা পরিশোধ করা। |
| ০৮ | শ্রেণী কক্ষে ব্যবহৃত স্ব স্ব জিনিসপত্র  রক্ষনাবেক্ষন করা। |
| ০৯ | সহপাঠীদের সাথে বন্ধুসুলভ ব্যবহার করা। |
| ১০ | অন্যের ব্যবহৃত জিনিসপত্রের প্রতি লোভ না করা। |
| ১১ | মূল্যবান জিনিসপত্র  বিদ্যালয় না আনা। |
| ১২ | বিদ্যালয়ে মোবাইল ফোন আনা একদম নিষেধ। |
| ১৩ | বিদ্যালয়ের গ্রন্থাগার থেকে গৃহীত পাঠ্যপুস্তক নির্দিষ্ট তারিখে ফেরত না দিলে ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহন করা হবে। |
| ১৪ | ব্যক্তিগত খেলার সরঞ্জাম বিদ্যালয়ে আনা যাবে না। |
| ১৫ | বিদ্যালয়ের শৃঙ্খলার পরিপন্থী অশালীন পুস্তক/ছবি/চাকু/ব্লেড ইত্যাদি আনা সর্ম্পূণ নিষেধ। উক্ত সরঞ্জাম যে কোন একটি আনলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। |
| ১৬ | কোন ছাত্র-ছাত্রী না জানিয়ে বিদ্যালয় এর বাইরে গেলে কঠিন শাস্তি দেওয়া হবে। |
| ১৭ | দীর্ঘদিন অনুপস্থিত থাকলে উপযুক্ত কারণ না দেখাতে পারলে ছাত্র-ছাত্রীকে কঠিন শাস্তি দেওয়া হবে। |
| ১৮ | বিদ্যালয়ের শৃঙ্খলা রক্ষার দায়িত্ব স্কুল ক্যাপ্টেন ও ভাইস ক্যাপ্টেন এর প্রতি শ্রেণীর ছাত্র-ছাত্রীকে তাদের নির্দেশ মেনে চলতে হবে। |
| ১৯ | কোন ছাত্র-ছাত্রী অসুস্থতার জন্য সাত দিনের বেশি অনুপস্থিত থাকলে চিকিৎসকের অনুমোদনপত্র (সার্টিফিকেট) সহ অভিভাবককে আবেদনপত্র যথাশীঘ্র প্রধান শিক্ষিকার কাছে জমা দিতে হবে। |
| ২০ | প্রত্যেক ছাত্র-ছাত্রী যথাসময়ে পাঠ্যপুস্তক সংগ্রহ করবে।  প্রতি বিষয়ের খাতা ও বই রুটিন অনুসারে বিদ্যালয় অবশ্যই আনতে হবে। |
| ২১ | সাইকেলে চাবি দিয়ে রাখবে এবং নির্দিষ্ট জায়গায় রাখবে। |
| ২২ | প্রত্যেক বিষয়ে শিক্ষকের নির্দেশ অনুযায়ী বিভিন্ন সংখ্যক খাতা ছাত্র-ছাত্রীকে রাখতে হবে এবং বিদ্যালয় নিয়ে আসতে হবে। একই খাতায় সব বিষয়ে লেখা, খাতা অপরিষ্কার রাখা, শিক্ষকের  আদেশ অনুযায়ী খাতা  না করা প্রভৃতি দণ্ডনীয়। |
| ২৩ | বিদ্যালয়ের সকল আসবাপত্রের প্রতি যত্নবান হতে হবে। কেউ ক্ষতিসাধন করলে ক্ষতিপূরণ দিতে হবে। |
| ২৪ | কোন অবস্থাতেই পিতা/মাতা/মনোনীত অভিভাবক ব্যতীত অন্য কারো সাথে ছাত্র-ছাত্রীকে স্কুল ত্যাগ করতে দেওয়া হবে না। |

| | |
|---|---|
| ২৫ | বিদ্যালয়ে অধ্যায়ণরত অবস্থায় অনুত্তীর্ণ হলে বিদ্যালয়ে রাখা যাবে না। |
| ২৬ | কোন ছাত্র-ছাত্রী অভিভাবক ছাড়া একা যেতে চাইলে তাকে অনুমতি সংগ্রহ করে আনতে হবে। |
| ২৭ | স্কুল চলাকালীন সময়ে অভিভাবকগণ শুধু অফিস কক্ষ ছাড়া স্কুলের শ্রেণী কক্ষের সামনে যাওয়া নিষেধ। এতে শ্রেণীর ব্যহত হয়। |
| ২৮ | যে কোন পরামর্শ বা অভিযোগ থাকলে অভিভাবকগণ প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করবেন। |
| ২৯ | শিক্ষার্থীরা সর্বদা পিতা-মাতা, গুরুজন ও শিক্ষকের প্রতি শ্রদ্ধাশীল এবং সর্ব ক্ষেত্রে বিনয়ী হতে হবে। |
| ৩০ | শিক্ষকদের আদেশ ও উপদেশ পালন করা। |
| ৩১ | শিক্ষকদের সম্মান প্রদর্শন করা। |
| ৩২ | পরীক্ষায় অংশ গ্রহণ বাধ্যতামূলক । |
| ৩৩ | ছাত্র-ছাত্রীরা যেন প্রতিদিন বাড়ি থেকে খেয়ে বিদ্যালয় আসে এবং দুপুরের খাবার সাথে আনে, এ বিষয়ে অভিভাবকেরা যেন দৃষ্টি রাখেন। |
| ৩৪ | বেশি টাকা পয়সা আনা নিষেধ। |
| ৩৫ | ·কোন সোনার গহনা পড়ে বিদ্যালয় আসা নিষেধ। গহনা হারালে তার দায়িত্ব বিদ্যালয়ের নয়। |
| ৩৬ | বিদ্যলয়ের নিয়ম কানুন না মানলে জরিমানা করা হবে। |
| এ ছাড়াও নোটিশের মাধ্যমে জারিকৃত নিয়ম-কানুন মেনে চলতে হবে। অন্যথায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | |